



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (সংশোধিত)
পল্লী ভবন (৬ষ্ঠ তলা)
৫, কাওরানবাজার, ঢাকা-১২১৫।
www.iresppw-brdb.gov.bd

স্মারক নং- ৪৭.৬২.০০০০.৯৬১.০০.১৫১.১৩-৩৪৯০

তারিখঃ ১০/২/২০১৬ খ্রিঃ

বিষয়ঃ ব্যাখ্যা তলব।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আপনি বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন “ দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা (সংশোধিত)” প্রকল্পের পটুয়াখালী জেলার বাউফল উপজেলায় সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা হিসেবে কর্মরত আছেন। অদ্য ১০/০২/২০১৬ খ্রিঃ তারিখ বেলা ১১.৩০ ঘটিকায় প্রকল্পের সহকারী পরিচালক (উন্নয়ন) অফিসিয়াল প্রয়োজনে আপনার মোবাইলে এবং অফিসে ফোন করে জানতে পারেন আপনি অননুমোদিত ভাবে কর্মস্থলে অনুপস্থিত আছেন। ইতোপূর্বেও একাধিকবার আপনি অননুমোদিত ভাবে কর্মস্থলে অনুপস্থিত ছিলেন যা অফিস শৃঙ্খলার পরিপন্থি। আপনার এহেন অফিস শৃঙ্খলা পরিপন্থি কর্মকাণ্ডের ফলে বাউফল উপজেলায় প্রকল্প কার্যক্রমের অগ্রগতি খুবই হতাশাজনক যা বর্তমান সরকারের অগ্রাধিকার প্রাপ্ত প্রকল্পের কার্যক্রমে বিরূপ প্রভাব ফেলছে।

এমতাবস্থায়, অননুমোদিত ভাবে কর্মস্থলে অনুপস্থিতর জন্য ১০/২/২০১৬ খ্রিঃ তারিখের বেতন কর্তনসহ কেন আপনার বিরুদ্ধে কঠোর প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে না তার জবাব আগামী ০৭ কর্মদিবসের মধ্যে নিম্ন স্বাক্ষরকারী বরাবর দাখিলের জন্য বলা হলো। এই বিষয়ে কোন জবাব পাওয়া না গেলে একতরফা ভাবে আপনার বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা হবে।

স্বাক্ষরিত/-

১০/২/২০১৬ খ্রিঃ

প্রকৌশলী মোহাম্মদ রাশেদুল আলম
প্রকল্প পরিচালক, ইরেসপো
বিআরডিবি, ঢাকা।
ফোন-০২-৮১৮০১৪৪


নাজমুন নাহার ইরানী
সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা (ইরেসপো)
বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
উপজেলাঃ বাউফল, জেলাঃ পটুয়াখালী।

স্মারক নং- ৪৭.৬২.০০০০.৯৬১.০০.১৫১.১৩-৩৪৯০

তারিখঃ ১০/২/২০১৬ খ্রিঃ

অনুলিপি বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)ঃ

- ১। উপ-পরিচালক, বিআরডিবি, জেলাঃ পটুয়াখালী।
- ২। উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিআরডিবি, উপজেলাঃ বাউফল, জেলাঃ পটুয়াখালী।
- ৩। প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
- ৪। পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
- ৫। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
- ৬। অফিস কপি।


মোহাম্মদ মহিদুর রহমান মোল্লা
উপ প্রকল্প পরিচালক
ইরেসপো, বিআরডিবি, ঢাকা।
ফোন নং-০২-৮১৮০১৪৩